বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
আইসিটি (সিস্টেম) বিভাগ
www.bhbfc.gov.bd

অবিলম্বে
সীমিত

নম্বর: ৫৩.১৪.০০০০.১৭৫.২২.০০১.২১.৩২

তারিখ: ৯ বৈশাখ ১৪২৮
২২ এপ্রিল ২০২১

...

**বিষয়ঃ ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত গাইডলাইন।**

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের সুফল হিসেবে দেশব্যাপী ইন্টারনেট ভিত্তিক সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর মধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের এ প্রবণতা লক্ষণীয়। সরকারি প্রতিষ্ঠান সমূহ নাগরিক সেবা প্রদানে সমস্যা পর্যালোচনা, জনসচেতনতা বৃদ্ধিতে প্রচারণা এবং সর্বোপরি জনবান্ধব প্রশাসন ব্যবস্থা নিশ্চিতকরণের কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করছে। যা ইতোমধ্যে বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনও সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে তথ্য প্রদান ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে গ্রাহকসেবা দিচ্ছে। বর্তমান তথ্য ও প্রযুক্তির যুগে সামাজিক যোগাযোগ মাধ্যম এর ব্যবহার এক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অপরদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে কিছু স্বার্থান্বেষী ব্যক্তি বা প্রতিষ্ঠান নানা ধরনের অসত্য তথ্য প্রকাশ করে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত রয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমের সঠিক ব্যবহার একজন কর্মকর্তা বা কর্মচারীর ব্যক্তি জীবন তথা কর্মক্ষেত্রে সুফল বয়ে আনতে পারে। তাই দ্রুত তথ্য আদান-প্রদানের মাধ্যম হওয়ায় সরকার ও কর্পোরেশনের ভাবমূর্তি সমুন্নত রেখে ইন্টারনেট তথা বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা অত্যাবশ্যক।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, সরকার ও কর্পোরেশনের ভাবমূর্তি সমুন্নত রাখার নিমিত্তে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের পরিপালনের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলোঃ

ক. ইন্টারনেট ভিত্তিক যে কোন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা ও সচেতনতা অবলম্বন করতে হবে।

খ. কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন কর্মকর্তা/কর্মচারী বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর নামে কোন সামাজিক যোগাযোগ সাইটে (যেমনঃ Facebook, Twitter, LinkedIn, YouTube ইত্যাদি) কোন page বা কোন Online Channel খুলতে পারবে না।

গ. কোন অবস্থাতেই কর্পোরেশনের ই-মেইল Domain (******@bhbfc.gov.bd) ব্যবহার করে কোন গণমাধ্যম বা ব্লগিং সাইট বা কোন সামাজিক যোগাযোগ সাইটে (যেমনঃ Facebook, Twitter, LinkedIn, YouTube ইত্যাদি) বা ইন্টারনেটে কোন প্রকার registration/sign up বা সাবস্ক্রিপশন করা যাবে না।

ঘ. কর্পোরেশনের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের অফিসিয়াল ফেসবুক পেজ (https://www.facebook.com/hbfcbd/) ব্যবহার করতে পারবে।

ঙ. সরকার বা কর্পোরেশনের নীতি বিরোধী কোন ব্যক্তিগত মতামত সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা যাবে না।

চ. ব্যক্তিগত যোগাযোগের জন্য অফিস ই-মেইল (******@bhbfc.gov.bd) ব্যবহার করা যাবে না।

ছ. কর্পোরেশনে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীরগণ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন সংশ্লিষ্ট নিজস্ব উদ্ভাবনী কোন সফটওয়্যার বা যেকোন ধরনের ডকুমেন্ট (যেমনঃ Word document, Excel document, pdf document ইত্যাদি) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন গণমাধ্যম বা ব্লগিং সাইট বা কোন সামাজিক যোগাযোগ সাইটে

(যেমনঃ Facebook, Twitter, LinkedIn, YouTube ইত্যাদি) বা ইন্টারনেটে প্রকাশ করতে পারবে না।

জ. অশালীন/আপত্তিকর কোন ওয়েবসাইট ব্যবহার/তথ্য সংগ্রহের কাজে কর্পোরেশনের ইন্টারনেট বা সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করলে সংশ্লিষ্ট ব্যবহারকারীর বিরুদ্ধে কর্তৃপক্ষ বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

ঝ. কর্পোরেশনের অতিগুরুত্বপূর্ন স্থাপনা (যেমনঃ Data Center), কর্পোরেশনে ব্যবহৃত বিভিন্ন সফটওয়্যারের স্কিন শর্ট, নেটওয়ার্ক আর্কিটেকচার ইত্যাদির ছবি কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার বা ব্যবহার করা যাবে না।

ঞ. রাষ্ট্রীয় স্বার্থ পরিপন্থী, বিতর্কিত, উগ্রবাদী, জঙ্গী, ধর্মীয় ও রাজনৈতিক সংগঠন কর্তৃক পরিচালিত ওয়েবসাইট ও ওয়েবপেইজ এর সদস্য হওয়া যাবে না এবং এ ধরনের ওয়েবসাইট, ব্লগিং বা যোগাযোগ মাধ্যম থেকে কোন তথ্য ও ভিডিও ডাউনলোড ও ইন্টারনেট ভিত্তিক কোন যোগাযোগ মাধ্যমে শেয়ার করা যাবে না।

ট. ইন্টারনেট ভিত্তিক কোন যোগাযোগ মাধ্যমে কোন গ্রুপ পেইজ/ গ্রুপ একাউন্ট/ গ্রুপ মেইল ইত্যাদি পরিচালনার সময় শৃঙ্খলা পরিপন্থী কোন তথ্য আপলোড করা যাবে না এবং কোন ধরনের গুজব ও অপপ্রচার মূলক তথ্য প্রচার করা যাবে না।

ঠ. সামাজিক যোগাযোগের মাধ্যমে দেশের ও কর্পোরেশনের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোন পোস্ট, ছবি, অডিও/ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে।

ড. যে কোন ইন্টারনেট, ই-মেইল বা সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন মাধ্যম ব্যবহার করে প্রতিষ্ঠানের গোপনীয়তা প্রতিষ্ঠানের বাহিরে প্রকাশ করা যাবে না।

ঢ. আক্রমণাত্বক, অশালীন বা হয়রানীমূলক হিসেবে বিবেচিত হতে পারে এমন দাপ্তরিক মেইল সিস্টেমে আদান-প্রদান বা সমাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা যাবে না।

ণ. কর্পোরেশনের ইলেক্ট্রনিক যোগাযোগ সিস্টেমে (Desktop, Laptop, Mobile) বা নেটওয়ার্কের নিরাপত্তাকে বিঘ্নিত করে এমন কোন সফটওয়ার, প্রোগ্রাম বা এক্সিকিউটেবল ফাইল ইনস্টল, ডাউনলোড করা যাবে না।

ত. যে সকল ওয়েব সাইট, সার্ভিস,যোগাযোগ মাধ্যম বা ব্লগিং প্রতিষ্ঠানের জন্য অপ্রয়োজনীয় বিবেচিত হবে তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পর্যবেক্ষণ পূর্বক বন্ধ বা নিয়ন্ত্রণ করা যাবে।

থ. সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যক্তিগত পোস্ট বা কমেন্টের দায়ভার স্ব স্ব কর্মীকে বহন করতে হবে।

দ. সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাষাগত ভদ্রতাবোধ বজায় রাখতে হবে।

ধ. অফিস চলাকালীন সময়ে নিতান্ত প্রয়োজন ব্যতিরেকে কোন প্রকার পোস্ট দেওয়া থেকে বিরত থাকুন।

ন. কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এমন কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

প. জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোন বিষয়ে কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

ফ. সামাজিক যোগাযোগ মাধ্যম বা ইন্টারনেটের মাধ্যমে জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোন রকম কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

ব. সামাজিক যোগাযোগ মাধ্যম বা ইন্টারনেটের মাধ্যমে কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপক্ষতার নীতি পরিপন্থী কোন কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

ভ. লিঙ্গ বৈষম্য বা এসংক্রান্ত বিতর্কমূলক কোন কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

ম. বাংলাদেশে বসবাসকারী কোন ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী বা সম্প্রদায়ের প্রতি বৈষম্যমূলক বা হেয় প্রতিপন্নমূলক কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

য. সর্বোপরি জাতীয় সামাজিক যোগাযোগ মাধ্যম নীতি অনুসরণ করে দাপ্তরিক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে।

০৩।		কেউ যদি ইন্টারনেট, নেটওয়ার্ক, সিস্টেম, সফ্টওয়্যার, সেবা ও সামাজিক যোগাযোগ মাধ্যম ইত্যাদি ব্যবহারকালে কোন নিরাপত্তাজনিত সমস্যা/ঘাটতি, ভাইরাস, সাইবার ঝুঁকি/হামলা বা প্রকৃত পক্ষেই সন্দেহজনক কিছু চিহ্নিত বা অনুধাবন করেন তাহলে তাৎক্ষনিক ভাবে যথাযথ কর্তৃপক্ষ ও আইসিটি বিভাগকে অবহিত করতে হবে।

০৪।	**এ বিষয়ে** সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬ ও সময়ে সময়ে সরকারি প্রতিষ্ঠান কৃতক জারিকৃত ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নির্দেশনা (পরিমার্জিত সংস্করন) অনুসরন বা যথাযথভাবে পরিপালন করতে হবে।

০৫।	সর্বোপরি, সকল শাখা ও কার্যালয়ে ইন্টারনেট ভিত্তিক যে কোন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত "Guidelines on ICT Security for Banks and Non-Financial Institutions, 2015" বিষয়ক পলিসি যথাযথভাবে পরিপালন করতে হবে।

০৬।	বর্ণিত গাইডলাইন অনুযায়ী কর্পোরেশনের ইন্টারনেট ও ইন্টারনেট ভিত্তিক যে কোন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। শাখা ও কার্যালয় প্রধানগণ তাদের অধীনস্থ সকল কর্মকর্তা/ কর্মচারীদের ইন্টারনেট ভিত্তিক যে কোন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নিয়মানুযায়ী তদারকী করবেন এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন। অন্যথায় কর্পোরেশন কোনরূপ আর্থিক ক্ষতির সম্মুখীন হলে বা কর্পোরেশনের ভাবমূর্তি ক্ষুন্ন হলে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ শাখা ও অফিস প্রধানগণকে এর দায়ভার বহন করতে হবে।

০৭।		সময়ে সময়ে সরকারি প্রতিষ্ঠানে জারিকৃত ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নির্দেশনা আনুসরন করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ কার্যকর হবে।

২২-৪-২০২১
মোঃ জসীম উদ্দীন
মহাব্যবস্থাপক

নম্বর: ৫৩.১৪.০০০০.১৭৫.২২.০০১.২১.৩২/১(১১৯)

তারিখ: ৯ বৈশাখ ১৪২৮
২২ এপ্রিল ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) মহাব্যবস্থাপক (সকল)
২) প্রকল্প পরিচালক, , বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা
৩) উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান (সকল)
৪) সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
৫) সিনিয়র অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর দফতর , বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
৬) জোনাল অফিস (সকল), বিএইচবিএফসি
৭) রিজিওনাল অফিস (সকল), বিএইচবিএফসি
৮) শাখা অফিস (সকল), বিএইচবিএফসি
৯) অফিস আদেশ নথি/মাষ্টার নথি/ব্যক্তিগত নথি, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা

২২-৪-২০২১
মোহাম্মদ মিজানুর রহমান
উপ-মহাব্যবস্থাপক